গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

গণনাকারীদের

# প্রশিক্ষণ নির্দেশিকা

## নমূনা শুমারী ২০০৪

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
পরিকল্পনা বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়
ই-২৭/১, আগারগাঁও, ঢাকা-১২০৭

# গণনাকারীদের প্রশিক্ষণ নির্দেশিকা

## সূচীপত্র


| বিষয় | পৃষ্ঠা নং |
|---|---|
| প্রশিক্ষকদের জন্য নির্দেশাবলী | ১ |
| উপক্রমনিকা | ২ |
| প্রথম অধ্যায় ঃ সাধারণ নিয়মাবলী | ৩ |
| দ্বিতীয় অধ্যায় ঃ সাধারণ সংজ্ঞা সমূহ | ৫ |
| তৃতীয় অধ্যায় ঃ প্রশ্নপত্র পূরণ পদ্ধতি ঃ | |
| প্রথম অংশ ঃ খানা সংক্রান্ত | ৭ |
| দ্বিতীয় অংশ ঃ গৃহ সংক্রান্ত | ৯ |
| তৃতীয় অংশ ঃ সম্পদ সংক্রান্ত | ১১ |
| চতুর্থ অংশ ঃ প্রতিবন্ধী সংক্রান্ত | ১২ |
| পঞ্চম অংশ ঃ ব্যাক্তি সংক্রান্ত | ১৪ |
| ষষ্ঠ অংশ ঃ মৃত্যু সংক্রান্ত | ২০ |
| সপ্তম অংশ ঃ জন্ম সংক্রান্ত | ২১ |
| অষ্টম অংশ ঃ টালিসিট পূরণ | ২৩ |
| পরিশিশিষ্ট-ক ঃ স্মারনীয় ঘটনা | ২৫ |
| পরিশিষ্ট-খ ঃ বাংলা মাস হতে ইংরেজী ও ইংরেজী মাস হতে বাংলা মাসে রুপান্তর | ২৬ |

# প্রশিক্ষকদের জন্য নির্দেশাবলী

**প্রশিক্ষকগণ নিম্নবর্ণিত বিষয় সমূহ অবশ্যই পালন করবেন ঃ**

১। প্রশিক্ষণ ক্লাশে পর্যাপ্ত আলোর ব্যবস্থা, ব্লাক বোর্ড, চক, ডাষ্টার ও অন্যান্য আনুষংগিক দ্রব্যাদি আছে কিনা প্রশিক্ষণ শুরুর পূর্বেই নিশ্চিত হউন ।

২। প্রশিক্ষণসূচী অনুযায়ী যথাসময়ে প্রশিক্ষনার্থীগণকে নিজ নিজ সিটে আসন গ্রহনের জন্য আহবান করুন। ক্লাশে সবাই নিরব হলে সম্ভাষনসহ প্রশিক্ষন শুরু করুন।

৩। সম্পূর্ন ম্যানুয়ালটি স্পষ্ট উচ্চারন করে হুবহু পড়ুন। যে প্রশ্নগুলোর উত্তর উদাহারনসহ দেয়া আছে সেগুলো স্পষ্ট করে বুঝিয়ে বলুন। যে নির্দেশগুলো বন্ধনীর মধ্যে আছে সেগুলো মনে মনে পড়ুন এবং পালন করুন।

৪। প্রতিটি অংশের অধীনস্থ প্রশ্নোত্তর সমূহ পড়া শেষ করার পর প্রশিক্ষণার্থীগণকে প্রশ্ন করার সুযোগ দিন এবং উদাহরনসহ প্রতিটি প্রশ্নের উত্তর দান করুন। অত:পর কয়েকজন প্রশিক্ষণার্থীকে প্রশ্ন করে অধ্যায়টি বুঝেছে কিনা নিশ্চিত হউন। অবশেষে সংশ্লিষ্ট অংশের অধীনস্থ প্রতিটি প্রশ্নের মূল বক্তব্যগুলো সংক্ষেপে আরেকবার বর্ণনা করুন।

# উপক্রমনিকা

**আস্‌সালামু-আলাইকুম,**

আপনাদের সবাইকে এ প্রশিক্ষণ ক্লাশে স্বাগত জানাচ্ছি। এখন আমি আপনাদের হাজিরা নেব। নাম ডাকলে মেহেরবানী করে দাঁড়িয়ে 'হাজির' বলবেন। (তালিকা দেখে নাম ডাকুন, নাম ডাকা শেষ হলে জিজ্ঞেস করুন)। কেহ বাদ পড়েছেন কি? (কেউ বাদ পড়লে তার নাম লিখুন)

আপনারা সকলেই অবগত আছেন যে, ধারাবহিকতা বজায় রেখে গত ২০০১ সালে বাংলাদেশে চতুর্থ আদমশুমারী অনুষ্ঠিত হয়েছে। এই শুমারী মূলতঃ তিনটি পর্যায়ে অনুষ্ঠিত হবে । প্রথম পর্যায়ে গত ২৩ থেকে ২৭শে জানুয়ারী, ২০০১ এই পাঁচ দিনে সমগ্র দেশে শুমারী অনুষ্ঠিত হয়েছে। দ্বিতীয় পর্যায়ে ২২ থেকে ২৬শে ফেব্রুয়ারী,২০০১ এই পাঁচ দিন নির্বাচিত এলাকায় গণনা পরবর্তী মান যাচাই জরিপ (PEC) অনুষ্ঠিত হয়েছে। মূল শুমারীতে সংক্ষিপ্ত প্রশ্নপত্র ব্যবহার করে দেশের সকল জনগণের মৌলিক তথ্যাদি সংগ্রহ করা হয়েছে। এখন নমূনা শুমারীর মাধ্যমে জনগণের বিস্তারিত আর্থ-সামাজিক তথ্যাদি সংগ্রহ করা হবে। আশা করা যায় যে, মূল শুমারী এবং নমূনা শুমারী হতে প্রাপ্ত তথ্যাদি যুগপৎভাবে সকল উন্নয়ন পরিকল্পনা প্রনয়নের উপযোগী জাতীয় উপাত্ত ভান্ডার প্রনয়ন করতে সহায়ক হবে।

নমুনা শুমারী প্রশ্নপত্র ৭টি অংশে বিভক্ত । এতে মোট ৭৪টি প্রশ্ন সংযোজন করা হয়েছে। প্রথম অংশে খানা সংক্রান্ত ৮টি প্রশ্ন, দ্বিতীয় অংশে গৃহ সংক্রান্ত ৯টি প্রশ্ন, তৃতীয় অংশে সম্পদ সংক্রান্ত ২টি প্রশ্ন, চতুর্থ অংশে প্রতিবন্ধী সংক্রান্ত ৮টি প্রশ্ন, পঞ্চম অংশে ব্যক্তি সংক্রান্ত ২৭টি প্রশ্ন, ষষ্ঠ অংশে মৃত্যু সংক্রান্ত ৭টি প্রশ্ন এবং সপ্তম অংশে জন্ম সংক্রান্ত ১৩টি প্রশ্ন । (ব্লো আপ (Blow up) প্রশ্নপত্রে প্রতিটি অংশ পুনরায় বুঝিয়ে দিন ।

# প্রথম অধ্যায়

## সাধারণ নিয়মাবলী

১। **প্রশিক্ষন ঃ** এ প্রশিক্ষন তিন দিন ব্যাপী অনুষ্ঠিত হবে। এই ম্যানুয়ালটি ব্যবহার করে ভারবাটিম প্রশিক্ষন প্রদান করা হবে। প্রতিটি অধ্যায় সমাপ্ত হওয়ার পর মুক্ত আলোচনায় আপনারা নিঃসংকোচে অংশ গ্রহণ করবেন। প্রশিক্ষণ শুরুর পূর্বে ম্যানুয়ালটি ভালভাবে পড়ুন এবং প্রশিক্ষণের প্রথম দিন গণনাকারী বাছাই পরীক্ষায় অংশ নিন। মনে রাখবেন, বাছাই পরীক্ষায় পাশ করতে হলে সম্পূর্ন ম্যানুয়ালটি আপনাকে অবশ্যই ভালভাবে পড়তে হবে।

২। **প্রশিক্ষন সূচী ঃ** প্রশিক্ষন সূচী অনুযায়ী প্রথম দিন প্রশ্নপত্রের প্রথম, দ্বিতীয়, তৃতীয়, চতুর্থ ও পঞ্চম অংশের উপর প্রশিক্ষন অনুষ্ঠিত হবে। দ্বিতীয় দিন ষষ্ঠ ও সপ্তম অংশের উপর প্রশিক্ষন ও ফিল্ড টেষ্ট অনুষ্ঠিত হবে এবং তৃতীয় দিন ফিল্ড টেষ্ট এর উপর পর্যালোচনা, মক প্রশিক্ষন (গণনাকারী ও উত্তরদাতার ভূমিকায় অভিনয়) এবং নমুনা শুমারীর মালামাল বিতরণ করা হবে। প্রশিক্ষণ শেষে প্রশক্ষণার্থীগণকে প্রশিক্ষণ ভাতা প্রদান করা হবে।

৩। **প্রশ্নোত্তর ঃ** প্রশ্নপত্রে অধিকাংশ প্রশ্নের একাধিক সম্ভাব্য উত্তর দেয়া আছে (প্রশ্নপত্র দেখান)। প্রত্যেকটি প্রশ্নের সঠিক উত্তরটি বাছাই করে শুধু একটি প্রযোজ্য ঘরে [ ১ ] ক্রস X চিহ্ন দিন । (নমুনা বোর্ডে এঁকে দেখান)। শুধুমাত্র ১৮, ১৯, ২৭, ৬১, ৭৩ নম্বর প্রশ্নের একাধিক উত্তর হতে পারে অর্থাৎ একাধিক ঘরে ক্রস X চিহ্ন প্রযোজ্য হবে ।

৪। **গণনা এলাকার ম্যাপ ঃ** যথাযথভাবে নিজ নিজ গণনা এলাকা চিহ্নিত করে সঠিক গণনা নিশ্চিত করার জন্য আপনার গণনা এলাকার একটি ম্যাপও সরবরাহ করা হবে (নমুনা দেখান)। আপনার গ্রাম/মহল্লার কোথায় কি আছে তা নিশ্চয়ই আপনি আমাদের চেয়ে ভাল জানেন। আপনি নিশ্চিত থাকবেন যে, শুমারীতে কোন খানা অথবা ব্যক্তিকে দু'বার গণনা করা যাবে না। তেমনি কোন খানা অথবা ব্যক্তিকে গণনা হতে বাদও দেয়া যাবে না। গণনা শুরুর পূর্বে সরবরাহকৃত ম্যাপ দেখে আপনার জন্য নির্দ্ধারিত গণনা এলাকাটি ভাল করে চিনে নিন। সুপারভাইজারগণ গণনা শুরুর পূর্ব দিন অবশ্যই তার অধীনস্থ সকল গণনাকারীকে একত্র করে যার যার গণনা এলাকার সীমানা চিনিয়ে দেবেন ।

৫। **গণনাকিট ঃ** প্রশিক্ষণের তৃতীয় দিন প্রশিক্ষণ শেষে প্রত্যেক গণনাকারী অবশ্যই নিম্ন বর্ণিত দ্রব্যাদি সম্বলিত একটি গণনাকিট পাবেন ঃ

(ক) গণনা এলাকার ম্যাপ,

(খ) ২৮টি প্রশ্নপত্র সম্বলিত একটি গণনা বই,

(গ) ১টি পেন্সিল, একটি কাটার, একটি ইরেজার ও একটি চক ,

(ঘ) খানা তালিকা ফরম ,

(ঙ) নমুনা খানা তালিকা ফরম ।

**৬। সম্ভাষন ঃ** গণনার জন্য কোন খানায় প্রবেশের পূর্বে অত্যন্ত ভদ্রভাবে অনুমতি নিয়ে ঢুকবেন। যিনি উত্তরদাতা হবেন তার বয়স আপনার থেকে ছোট হউক বা বড় হউক তাকে অবশ্যই সালাম দেবেন এবং নম্রভাবে সম্বোধন করবেন, ''কেমন আছেন''। (আপনার নাম বলুন এবং পরিচয় পত্র দেখান) । আমি আদমশুমারীর কাজে এসেছি। আপনারা নিশ্চয়ই আদমশুমারীর কথা শুনেছেন। দেশ ও জাতীর উন্নয়নের জন্য যে সকল আর্থ-সামাজিক তথ্যাদির প্রয়োজন তা এখন সংগ্রহ করা হবে । এ সকল তথ্যের জন্য আপনাদের এলাকাটি বাছাই করা হয়েছে। তথ্য সংগ্রহের জন্য আদমশুমারী অফিস হতে একটি প্রশ্নপত্র আমাদেরকে দিয়েছে। প্রশ্নপত্রটি পূরণ করার জন্য অনুগ্রহপূর্বক আমাকে কিছু সময় দেবেন কি? আপনাদের দেয়া তথ্য গোপন রাখার জন্য সরকার প্রতিশ্রুতিবদ্ধ ।

**৭। প্রশ্ন জিজ্ঞেস করার পদ্ধতি ঃ** তথ্য সংগ্রহকালে খানা প্রধান অথবা খানার কোন দায়িত্বশীল ব্যক্তিকে বিনয়ের সাথে প্রশ্ন করে প্রশ্নপত্র পূরন করুন। উত্তরদাতা পুরুষ বা মহিলা হতে পারেন, বৃদ্ধ অথবা যুবকও হতে পারেন। তবে অথর্ব অথবা নাবালক হওয়া বাঞ্চনীয় নয়। উত্তরদাতার কাছে নিজের পরিচয় দিন এবং সহজ ও সরল ভাষায় আগমনের উদ্দেশ্য ব্যাখ্যা করুন। (৬নং অনুচ্ছেদের বর্ণনা অনুসরণ করুন) ।

**৮। গণনা পদ্ধতি ঃ** ডি-ফেক্টো (De-facto) পদ্ধতি অনুসরণ করে শুমারী রাত্রিতে যে যেখানে অবস্থান করেছিলেন তাকে সেখানেই গণনার অন্তর্ভূক্ত করুন।

প্রথম অধ্যায়ের আলোচনা এখানেই শেষ হলো । এ অধ্যায়ের উপর আপনাদের কোন প্রশ্ন থাকলে নিঃসংকোচে করতে পারেন। (প্রশ্ন করা শেষ হলে কাউকে উদ্দেশ্য করে জিজ্ঞেস করুন) আপনি বলুন -

(ক) কোন ধরনের লোক উত্তরদাতা হওয়া উচিৎ নয়?

(খ) খানা প্রধান নয় এমন কেউ কি উত্তরদাতা হতে পারবেন?

(গ) কোন পদ্ধতি অনুসরণ করে গণনা করা হবে ?

# দ্বিতীয় অধ্যায়

## সাধারণ সংজ্ঞা সমূহ

১। **নমুনা শুমারী মূহুর্ত ঃ** আগামী ৭ই জানুয়ারী , ২০০৪ ইং রোজ বুধবার দিবাগত রাত ১২-০০ ঘটিকাকে শুমারী মূহুর্ত হিসাবে গণ্য করতে হবে।

২। **নমুনা শুমারী কাল ঃ** আদমশুমারী বা লোক গণনা এবং নমুনা শুমারীর মাধ্যমে তথ্য সংগ্রহের জন্য যে দিনগুলি নির্ধারণ করা হয়েছে তাদেরকে শুমারী কাল হিসেবে গণ্য করা হবে। মূল শুমারীতে জানুয়ারী ২৩ হতে জানুয়ারী ২৭, ২০০১ইং পর্যন্ত সময়কে শুমারী কাল হিসাবে গণ্য করা হয়েছে । নমুনা শুমারীতে ৮ হতে ২৮ জানুয়ারী ,২০০৪ .পর্যন্ত সময়কে শুমারী কাল হিসাবে গণ্য করতে হবে।

৩। **শুমারী রাত ঃ** শুমারী রাত থেকে ভোর ৫.টা পর্যন্ত সময়কে শুমারী রাত হিসেবে গণ্য করা হবে। ডি-ফ্যাক্টো (De-Facto) পদ্ধতি অনুযায়ী শুমারী রাতে কোন খানায় রাত যাপনকারী সকল লোককে ঐ খানার সদস্য হিসেবে গণনা করা হবে ।

৪। **রেফারেন্স পিরিয়ড ঃ**

| | | |
|---|---|---|
| (ক) | কাজ ও পেশা | ঃ গত এক মাসের অধিকাংশ সময়। |
| (খ) | মৃত্যু | ঃ গত ১২ মাস বা ১ বৎসর। |
| (গ) | অন্যান্য সকল বিষয় | ঃ শুমারী রাত্রি । |

৫। **রেফারেন্স বয়স ঃ**

| | | |
|---|---|---|
| (ক) | আপন মায়ের লাইন নং | ঃ ৬ বৎসরের কম বয়স্ক সন্তানের জন্য। |
| (খ) | শিক্ষা ও কাজকর্ম সংক্রান্ত | ঃ ৫বৎসর ও তদুর্দ্ধ বয়স্কদের জন্য। |
| (গ) | বর্তমানে বিবাহিত/বিধবা/ তালাকপ্রাপ্ত/বিচ্ছিন্ন মহিলাদের তথ্য | ঃ ১০ বৎসর ও তদুর্দ্ধ বয়স্ক। |

৬। **ডি-ফেক্টো (De-facto) ঃ** ডি-ফেক্টো পদ্ধতি অনুযায়ী শুমারী রত্রিতে যে যেখানে অবস্থান করছেন সেখানই গণনাভূক্ত করা হবে। এই পদ্ধতি অনুযায়ী শুমারী রাতে যে খানায় রাত যাপন করেছেন তাদের সবাইকে সেই খানার সদস্য হিসেবে গণনা করতে হবে। খানার কোন স্থায়ী সদস্য যদি শুমারী রাতে খানায় উপস্থিত না থাকেন তবে তিনি যে খানায় শুমারী রাত যাপন করেছেন সেই খানায় গণনাভূক্ত করতে হবে। যদি কোন ব্যক্তি শুমারী মূহুর্তের আগে মারা গিয়ে থাকেন তাহলে তিনি শুমারীতে অন্তর্ভূক্ত হবেন না। অনুরূপভাবে যদি কোন শিশুর জন্ম শুমারী রাতের পরে ঘটে তবে তাকে শুমারীতে অন্তর্ভূক্ত করা যাবে না। পরিবারের কোন সদস্য চাকুরী উপলক্ষ্যে বাহিরে অথবা বিদেশে অবস্থান করলে তাকে গণনা হতে বাদ দিতে হবে ।

৭। **খানা ঃ** এক বা একাধিক ব্যক্তি যাঁরা শুমারী রাতে এক পাকে খেয়েছেন এবং একই বাড়ীতে রাত যাপন করেছেন তাঁদের সমন্বয়ে একটি খানা গঠিত। তবে যেখানেই আহার করুন, কোন ব্যক্তি শুমারীর রাতে যে খানায় রাত যাপন করেছেন গণনার উদ্দেশ্যে তাঁকে সেখানকার সদস্য হিসেবে গণ্য করতে হবে। একই বাড়ীতে/ঘরে এক বা একাধিক খানা থাকতে পারে। এ সকল প্রত্যেকটা খানা আলাদাভাবে গণনা করতে হবে। খানা সদস্যরা পরস্পরের সাথে রক্তের বা আইসংগতভাবে সম্পর্কযুক্ত হতে পারেন অথবা অনাত্মীয় এমনকি অন্য ধর্মাবলম্বীও হতে পারেন ।

৮। **বস্তি খানা ঃ** সরকারী জমি, খাস জমি, রেল লাইনের ধারে, রাস্তার পাশে, বাঁধের পাশে, অথবা বেসরকারী জায়গায় অপরিকল্পিত ভাবে এবং অস্বাস্থ্যকর পরিবেশে গড়ে উঠা পাঁচ অথবা ততোধিক ঘরের সমষ্টিকে বসতি হিসাবে গণ্য করতে হবে এবং বস্তিতে বসবাসকারী খানাগুলোকে বস্তি খানা হিসেবে গণ্য করতে হবে। বস্তির বৈশিষ্ট সমূহ নিম্নরূপঃ

(ক) সাধারনতঃ অতি নিম্নমানের ঘর যথা- ঝুপড়ি, টং, ছই, টিন সেড, আধাপাকা নড়বড়ে অবকাঠামো, জরাজীর্ন দালান ইত্যাদি ।

(খ) অত্যাধিক ঘনবসতি এলাকা।

(গ) বস্তির ঘর তৈরীর সরঞ্জামাদী অত্যাধিক নিম্নমানের এবং সস্তা যথা- চটের বস্তা, পলিথিন, খড় এবং তুলনামূলক ভাবে ছাদ কম উচ্চতা সম্পন্ন।

(ঘ) পয়ঃনিস্কাশন ব্যবস্থা অপ্রতুল অথবা একেবারেই নেই ।

(ঙ) অপর্যাপ্ত ও অস্বাস্থ্যকর পানি সরবরাহ ব্যবস্থা।

(চ) সরু এবং কাঁচা রাস্তা।

দ্বিতীয় অধ্যায়ের আলোচনা এখানেই শেষ হলো । এ অধ্যায়ের উপর কারো কিছু প্রশ্ন থাকলে এখন জিজ্ঞেস করতে পারেন। (প্রশ্নের উত্তর সহজ ও সরল ভাষায় বুঝিয়ে দিন । প্রশ্ন করা শেষ হলে কাউকে উদ্দেশ্য করে জিজ্ঞেস করুন) আপনি বলুন -

(ক) শুমারী মূহুর্ত ও শুমারী রাতের মধ্যে পার্থক্য কি?

(খ) এ শুমারীতে কত প্রকার রেফারেন্স পিরিয়ড ব্যবহার করতে হবে?

(গ) ডি-ফেক্টো পদ্ধতি বলতে কি বুঝায়?

## তৃতীয় অধ্যায়

# প্রশ্নপত্র পূরণ পদ্ধতি

## প্রথম অংশ ঃ খানা সংক্রান্ত

এ অংশে খানা সংক্রান্ত মোট ৮টি বিষয়ে তথ্য সংগ্রহ করা হবে।

**খানার ক্রমিক নং ঃ** গণনা এলাকার সকল খানা শনাক্ত করার জন্য প্রত্যেক খানার জন্য দুই অংক বিশিষ্ট একটি ক্রমিক নম্বর দিতে হবে। খানা চিহ্নিত করে প্রশ্নপত্রের উপরে বাম কোনায় খানার ক্রমিক নং বরাবর খালি বাক্সে দুই অংকে ক্রমিক নম্বর লিখুন। যেমন - খানার ক্রমিক নং যদি ১৭ হয় তবে নিম্নরূপে লিখুন । তালিকা অনুযায়ী খানায় গিয়ে কাউকে না পাওয়া গেলে একাধিক বার যেতে হবে । মোটেও না পাওয়া গেলে NAH লিখতে হবে ।

| | | |
|---|---|---|
| খানার ক্রমিক নং | ১ | ৭ |

খানার এ নম্বর লাম্বার চকের মাধ্যমে খানা প্রধান যে ঘরে থাকেন সেই ঘরের প্রধান দরজায় স্পষ্ট করে লিখুন।

**প্রশ্ন-১। ঠিকানা ঃ** প্রশ্নপত্রের উপরে বাম কোনায় খালি জায়গায় খানার সংক্ষিপ্ত ঠিকানা লিখুন। ঠিকানায় বাড়ীর নাম/নম্বর, পাড়া/রাস্তার নাম/নম্বর, পাড়া/মহল্লার নাম উল্লেখ করুন।

**প্রশ্ন-২। খাবার পানির উৎস ঃ** উত্তরদাতাকে জিজ্ঞেস করুন, ''আপনাদের খাবার পানি প্রধানত: কোথা থেকে সংগ্রহ করেন''? উত্তর ট্যাপ হলে [১] ঘরে X চিহ্ন দিন । গভীর নলকূল হলে [২] ঘরে X চিহ্ন দিন, টিউবওয়েল (আর্সেনিক যুক্ত) হলে ,[৩] , টিউবওয়েল (আর্সেনিক মুক্ত) হলে , [৪] . টিউবওয়েল (জানা নাই) হলে [৫] ,কুয়া বা ইদারা হলে [৬] , পুকুর বা দিঘী হলে, [৭] , নদী/খাল/ডোবা হলে,[৮] , এবং উল্লেখিত কোনটা না হলে সুনির্দ্দিষ্ট করে লিখুন এবং অন্যান্য গণ্য করে [৯] ঘরে X চিহ্ন দিন।

**প্রশ্ন-৩। খাবার পানি ফুটিয়ে খান কি ? ঃ** উত্তরদাতাকে জিজ্ঞেস করুন এ খানায় খাবার পানি ফুটিয়ে খাওয়া হয় কি ? উত্তর যদি ফুটিয়ে খায় হয় তাহলে [হ্যাঁ] ঘরে X চিহ্ন দিন আর ফুটিয়ে না খেলে [না] ঘরে X চিহ্ন দিন ।

**প্রশ্ন-৪। অন্যান্য ব্যবহার্য পানির উৎস ঃ** পুনরায় উত্তরদাতাকে জিজ্ঞেস করুন, ''গোসল, রান্না-বান্না, থালাবাসন ধোয়া, কাপড়-চোপড় ধোয়া এবং অন্যান্য কাজের জন্য অধিকাংশ পানি কোথা থেকে সংগ্রহ করেন''? ট্যাপ থেকে সংগ্রহ করলে, [১] গভীর নলকূল হতে সংগ্রহ করলে [২] ,টিউবওয়েল থেকে সংগ্রহ করলে [৩] ,কুয়া বা ইদারা থেকে সংগ্রহ করলে [৪] , নদী, খাল,ডোবা থেকে সংগ্রহ করলে [৫] এবং পুকুর/দিঘী থেকে সংগ্রহ করলে [৬] , এ ছাড়া অন্য কোন উৎস হতে সংগ্রহ করলে তা সুনির্দিষ্ট করে লিখুন এবং অন্যান্য গণ্য করে [৭] ঘরে X চিহ্ন দিন ।

**প্রশ্ন-৫। আলোর ব্যবস্থা কোন ধরনের ঃ** উত্তরদাতাকে জিজ্ঞেস করুন, ''এ খানায় কোন ধরনের আলোর ব্যবস্থা রয়েছে''? উত্তরে কেরোসিনের সাহায্যে কুপি, হারিকেন, অথবা ল্যাম্প ইত্যাদি ব্যবহার করলে , [১] বৈদ্যুতিক সংযোগ থাকলে [২] এবং মোমবাতি বা অন্য কোনভাবে আলোর ব্যবস্থা করলে সুনির্দিষ্ট করে লিখুন এবং অন্যান্য গণ্য করে [৩] ঘরে X চিহ্ন দিন।

**প্রশ্ন-৬। রান্নার জ্বালানী ঃ** উত্তরদাতাকে জিজ্ঞেস করুন, ''আপনারা রান্নার জন্য বেশীর ভাগ ক্ষেত্রে কোন ধরনের জ্বালানী ব্যবহার করেন''? উত্তরে কাঠ বা লাকড়ি বললে [১] , কেরোসিন তেল বললে [২] , গ্যাস/এলপিজি বললে [৩] ,বিদ্যুৎ বললে [৪] ,খড়কুটা/পাতা বললে [৫] , গোবর বা ঘুটে বললে [৬] , ঘরে এবং উল্লেখিত কোনটিই না হলে সুনির্দিষ্ট করে লিখুন এবং অন্যান্য হিসেবে গন্য করে [৭] ঘরে X চিহ্ন দিন।

**প্রশ্ন-৭। বস্তি খানা ঃ** প্রশ্নটি উত্তরদাতাকে সরাসরি জিজ্ঞেস না করে নিজস্ব বিবেচনায় উত্তর লিপিবদ্ধ করুন। খানাটি বস্তিতে বসবাসকারী খানা হলে [হ্যাঁ] ঘরে ক্রস X চিহ্ন দিন। অন্যথায় খালি রেখে পরবর্তী প্রশ্নে যান। এই প্রশ্নটি পূরনের আগে বস্তি খানার সংজ্ঞাটি ভালভাবে পড়ে নিন। উত্তর হ্যাঁ হলে বস্তিতে আগমনের কারন জিজ্ঞেস করুন। কারণ নদী ভাংগন হলে [১] , ভূমিহীন হলে [২] , ভিটেমাটি হতে বিতাড়িত হলে [৩] , স্বামী পরিত্যাক্ত হলে [৪] ঘরে X চিহ্ন দিন। উল্লেখ্য কারণ একটিও না হলে সুনির্দিষ্ট কারন লিখুন এবং অন্যান্য গণ্য করে [৫] ঘরে X চিহ্ন দিন।

**প্রশ্ন-৮। মাসিক ভাড়া কত ঃ** উত্তরদাতাকে জিজ্ঞেস করুন এ গৃহে/বাড়ীতে বসবাসের জন্য কত টাকা ভাড়া প্রদান করতে হয়। সঠিক ভাবে জেনে টাকার অঙ্কটি লিখুন। যদি নিজস্ব বাড়ী অথবা বিনা ভাড়ার বাড়ী হয় তবে কতটাকা ভাড়া হতে পারে তা নিরুপন করে এখানে টাকার অংকে লিখুন ।

# দ্বিতীয় অংশ ঃ গৃহ সংক্রান্ত

প্রশ্নপত্রের এ অংশে খানার গৃহ সংক্রান্ত মোট ৯টি বিষয়ে তথ্য সংগ্রহ করা হবে।

**গৃহের ক্রমিক নং ঃ** একটি চাল বা ছাদের নিচে যে ঘর বা কক্ষ সমূহ থাকে তাকে গৃহ বলে। কোন খানা একটি গৃহে বা ঘরে বসবাস করতে পারে, আবার কয়েকটি ঘর বা কক্ষ নিয়েও একটি খানা বসবাস করতে পারে । খানাটি কয়টি ঘর নিয়ে বসবাস করে তা স্বচক্ষে দেখে নিয়ে গৃহের তথ্য সংগ্রহ করুন । একটি ঘর নিয়ে বসবাসকারী খানার জন্য ১ লেখা লাইন পূরণ করুন। ২টি ঘর বিশিষ্ট খানার জন্য প্রথম ঘরটির জন্য ১ লেখা লাইন ও দ্বিতীয় ঘরটির জন্য ২ লেখা লাইন পূরণ করুন । এভাবে ৩টি ঘর থাকলে ১ ,২ ও ৩ লেখা লাইন, ৪টি ঘর থাকলে ১, ২, ৩ ও ৪ লেখা লাইন এভাবে পূরণ করুন। তবে কোন খানায় ৮ এর অধিক ঘর থাকলে প্রথমে গুরুত্বপূর্ন ৮টি গৃহের তথ্য ১, ২, ৩, ৪, ৫, ৬, ৭ ও ৮ লাইনে পূরণ করুন। অতঃপর ডানদিকে প্রতিটি লাইনের জন্য অন্যান্য তথ্য সংগ্রহ করুন । আবার কোন খানা একটি ঘর বা দালানের অংশে বসবাস করতে পারে অর্থাৎ একই গৃহে বা দালানে একাধিক খানা বাস করতে পারে। এক্ষেত্রে গৃহের ক্রমিক নং ১ এবং গৃহের ব্যবহার প্রধানতঃ শোবার ঘর হিসেবে গন্য করতে হবে ।

**প্রশ্ন-৯। গৃহের ব্যবহার ঃ** একটি গৃহ একাধিক কাজেও ব্যবহৃত হয়ে থাকে। সে ক্ষেত্রে উত্তরদাতা যে কাজের ব্যবহারটি অধিক গুরুত্ব দিবেন তার নীচের ঘরে ক্রস X চিহ্ন দিন। উত্তরদাতাকে প্রশ্ন করুন, ''গৃহটি প্রধানত: কি কাজে ব্যবহার করা হয়''? উত্তরে শোয়ার ঘর বললে [১] ,রান্না ঘর বললে [২] , গোয়ালঘর বললে [৩] ,গোলাঘর বললে [৪] , বৈঠকখানা, লাকড়ির ঘর অথবা অন্য কোন কাজে ব্যবহৃত হলে নির্দিষ্ট করে লিখুন এবং অন্যান্য গণ্য করে [৫] ঘরে X চিহ্ন দিন।

**প্রশ্ন-১০। গৃহের প্রকার ঃ** এ প্রশ্নটির উত্তর সম্ভব হলে নিজ চক্ষে দেখে পূরন করুন। গৃহটি ঝুপড়ি ধরনের হলে [১] ঘরে X চিহ্ন দিন, কাঁচা অর্থ্যাৎ মেঝে ও দেয়াল কাঁচা হলে [২] ঘরে, আধাপাকা অর্থ্যাৎ মেঝে ও দেয়াল পাকা কিন্তু ছাদ টিনের হলে আধাপাকা গণ্য করে [৩] , এবং গৃহটি সম্পূর্ন পাকা দালান হলে [৪] ঘরে X চিহ্ন দিন ।

**প্রশ্ন-১১। দেয়ালের উপকরণ ঃ** এ প্রশ্নটিও উত্তরদাতাকে জিজ্ঞেস না করে গৃহটির দেয়াল বা বেড়ার উপকরণ স্বচক্ষে দেখে প্রযোজ্য যে কোন একটি ঘরে ক্রস X চিহ্ন দিন। খড়, বাঁশ বা পাটখড়ির তৈরী বেড়া হলে [১] , মাটি বা কাঁচা ইট হলে [২] , টিন হলে [৩] , কাঠ হলে [৪] , এবং ইট বা সিমেন্ট হলে [৫] ঘরে ক্রস X চিহ্ন দিন।

**প্রশ্ন-১২। ছাদের উপকরণ ঃ** এ প্রশ্নটিও উত্তরদাতাকে জিজ্ঞেস না করে যে গৃহটির দেয়ালের উপকরণ সংক্রান্ত তথ্য সংগ্রহ করেছেন ঠিক একই গৃহের ছাদ বা চালের উপরণ সম্ভব হলে স্বচক্ষে দেখে প্রযোজ্য যে কোন একটি ঘরে X চিহ্ন দিন। ছাদ তৈরীর উপকরন খড় বা বাঁশ বা ঘড়ি অথবা পলিথিন হলে [১] , টালি অথবা এসবেষ্টার সীট অথবা টিন হলে [২] , ইট বা সিমেন্ট ও কংক্রিট হলে [৩] , ঘরে X চিহ্ন দিন। এছাড়া অন্য কিছু হলে তা সুনির্দ্দিষ্ট করে লিখুন এবং অন্যান্য গণ্য করে [৫] , ঘরে X চিহ্ন দিন।

**প্রশ্ন-১৩। কামরার সংখ্যা ঃ** গৃহের মধ্যে দেয়াল অথবা বেড়া দ্বারা বিভক্ত অংশগুলোকে কামরা বালে। কোন গৃহে বিভক্তি দেয়াল বা বেড়া না থাকলে গৃহটি এক কামরা বিশিষ্ট গৃহ হবে । গৃহে কতটি কামরা আছে জিজ্ঞেস করুন। গৃহটিতে যদি চারটি কামরা থাকে তবে কামরার সংখ্যা বরাবর নিচে [০|৪] লিখুন। অনুরূপভাবে ১৩টি থাকলে কামরার সংখ্যা বরাবর নিচে [১|৩] লিখুন। গৃহটিতে কোন বিভক্তি দেয়াল বা বেড়া না থাকলে কামরার সংখ্যা বরাবর নীচে [০|১] লিখুন।

**প্রশ্ন-১৪। দৈর্ঘ্য ঃ** গৃহটির দৈর্ঘ্য কত তা পদক্ষেপ অথবা ফিতার মাধ্যমে মেপে ফুটে লিখুন। সাধারণত: ১ পদক্ষেপের সমান আনুমানিক ২ ফুট । গৃহটির দৈর্ঘ্য পদক্ষেপের মাধ্যমে মেপে তাকে ২ দিয়ে গুণ করে অথবা একটি ফুট স্কেলের সাহায্যে একটি রশি মেপে নিয়ে রশির সহায়তায় গৃহটির দৈর্ঘ্য মেপে নিন। দৈর্ঘ্য যত ফুট হল তা দৈর্ঘ্য (ফুট) বরবর নিচে তিন অংকে লিখুন। যেমন - ঘরটির দৈর্ঘ্য ২৯ ফুট হলে [০|২|৯] লিখুন। কোন গৃহের সাইজ ইংরেজী **'L'** এর মত হলে তাকে দু'টি আয়তাকার গৃহে বিভক্ত করে দু'টি আলাদাভাবে মেপে লিপিবদ্ধ করুন। একইভাবে **'U'** আকারের ঘরকে তিনটি আয়তাকার গৃহে বিভক্ত করে তিনটি দৈর্ঘ্য আলাদাভাবে মেপে লিপিবদ্ধ করুন।

**প্রশ্ন-১৫। প্রস্হ ঃ** দৈর্ঘ মাপার ক্ষেত্রে যে পদ্ধতি উল্লেখ করা হয়েছে তা প্রস্হ মাপার ক্ষেত্রেও অনুসরন করুন এবং গৃহটির প্রস্থ মেপে তিন অংকে ঐ ঘরের লাইনে প্রস্থ (ফুট) বরাবর নিচে লিখুন।

**প্রশ্ন-১৬। দেয়ালের উচ্চতা ঃ** প্রতিটি গৃহের দেয়ালের উচ্চতা ফুটে ঐ ঘরের লাইন বরাবরে দুই অংকে লিখুন।

**প্রশ্ন-১৭। এ খানায় কেহ দৈনিক পত্রিকা পড়ে কি ?** উত্তরদাতাকে জিজ্ঞেস করুন এ খানায় কেহ দৈনিক পত্রিকা পড়ে কি ? যদি পড়ে, তাহলে হ্যাঁ এর নিচে [১] ঘরে X চিহ্ন দিন আর উত্তর যদি না হয় তাহলে [২] ঘরে X চিহ্ন দিন ।

দ্বিতীয় অংশের প্রশিক্ষণ এখানেই শেষ হল । এ অংশের কোন বিষয় সম্পর্কে কেউ কিছু জানতে চাইলে নিঃসংকোচে প্রশ্ন করুন।

# তৃতীয় অংশ ঃ সম্পদ সংক্রান্ত

এ অংশে খানার নিজস্ব সম্পদ সংক্রান্ত ২টি বিষয়ে তৃথ্য সংগ্রহ করা হবে।

**প্রশ্ন- ১৮। এ খানায় নিজস্ব আছে কি ?** উত্তরদাতাকে জিজ্ঞেস করুন, ''এ খানায় নিজস্ব ব্যবহারের জন্য খানার নিয়মিত সদস্যদের পাওয়ার টিলার, ট্রাক্টর, গভীর নলকূপ, অগভীর নলকূপ, রেডিও/ট্রানজিষ্টর, টেপ রেকর্ডার/সিডি প্লেয়ার/ভিসিপি/ভিসিআর, টেলিভিশন, টেলিফোন, কম্পিউটার, সেলাই মেশিন ও ফ্রিজ আছে কি? কোন আইটেম না থাকলে অর্থাৎ যে যে আইটেম নাই তার নীচে [না] . ঘরে অর্থাৎ [২] ঘরে X চিহ্ন দিন। আর থাকলে যেটি আছে তার নীচে [হ্যাঁ] .এর ঘরে অর্থাৎ [১] ঘরে X চিহ্ন দিন। মনে রাখবেন ১৮-নং প্রশ্নের জন্য একাধিক উত্তর হতে পারে। অর্থাৎ একাধিক হ্যাঁ বা না এর জন্য একাধিক [১] বা [২] এর ঘরে X চিহ্ন দিতে হতে পারে ।

**প্রশ্ন- ১৯। এ খানার নিজস্ব যানবাহন আছে কি ?** উত্তরদাতাকে প্রশ্ন করুন, ''এ খানায় নৌকা, গরু/মহিষের গাড়ী, ঠেলা গাড়ী, ভ্যান গাড়ী (অযান্ত্রিক), সাইকেল , রিক্সা, মোটর সাইকেল, মোটর গাড়ী/বাস ও ট্রাক ও স্কুটার আছে কি? কোন আইটেম না থাকলে অর্থাৎ যে যেটি নাই তার নীচে [না] এর জন্য [২] ঘরে, আর যদি থাকে তবে যে যে আইটেম আছে তার [হ্যাঁ] এর জন্য [১] ঘরে ক্রস X চিহ্ন দিন। এই সমস্ত যানবাহনাদি খানা সদস্যদের নিজস্ব ব্যবহারসহ বানিজ্যিক উদ্দেশ্যে ব্যবহৃত হলে তার তথ্যও এখানে সংগ্রহ করতে হবে। মনে রাখবেন ১৯ নং প্রশ্নের জন্যও একাধিক উত্তর হতে পারে অর্থাৎ একাধিক হ্যাঁ বা না এর ঘরে X চিহ্ন দিতে হতে পারে ।

## চতুর্থ অংশ ঃ প্রতিবন্ধী সংক্রান্ত

এ অংশে খানায় কোন প্রতিবন্ধী আছে কিনা, থাকলে তাদের ৮টি বিষয়ের তথ্য সংগ্রহ করতে হবে। উত্তরদাতাকে জিজ্ঞেস করুন এই খানায় কোন প্রতিবন্ধী আছে কি? অর্থ্যাৎ এমন কেউ কি আছে যিনি তোতলা, রাতকানা, অন্ধ/কানা, বধির/বোবা, বুদ্ধি প্রতিবন্ধী, মানসিক প্রতিবন্ধী, কুষ্ঠ রোগী, পঙ্গু বা অথর্ব/বার্ধক্য? উত্তর হ্যাঁ হলে উপরের হ্যাঁ ঘরে X চিহ্ন দিন এবং ২০ থেকে ২৭ নম্বর প্রশ্নের তথ্য সংগ্রহ করুন। উত্তর না হলে উপরের না ঘরে X চিহ্ন দিন এবং কার্ড ৫ এ ৫ম অংশের তথ্য সংগ্রহের জন্য অগ্রসর হউন ।

**লাইন নম্বর ঃ** এ অংশে প্রশ্নের উত্তর হ্যাঁ হলে অর্থাৎ এই খানায় কোন প্রতিবন্ধী থাকলে কার্ড ৫ এ উল্লেখিত খানার সদস্যদের তালিকা হতে সংশ্লিষ্ট প্রতিবন্ধী ব্যক্তির লাইন নম্বর এখানে লিখুন। সুতরাং এই লাইন নং কার্ড ৫ পুরণ করার পরে লিখুন ।

**প্রশ্ন-২০। প্রতিবন্ধীর নাম ঃ** এখানে প্রতিবন্ধীর নাম লিখুন। এই নাম কার্ড ৫ এর খানা সস্যদের নামের মত হুবুহু এক হতে হবে। মনে রাখবেন এই খানায় যতজন প্রতিবন্ধী আছে তাদের সবারই নাম এখানে লিখতে হবে এবং প্রত্যেকের জন্য প্রশ্ন নং ২০ হতে ২৭ পর্যন্ত তথ্য সংগ্রহ করতে হবে।

**প্রশ্ন-২১। প্রতিবন্ধীর প্রকার ঃ** এখানে উত্তরদাতাকে জিজ্ঞেস করুন ............... (প্রতিবন্ধীর নাম ধরে) কি ধরনের প্রতিবন্ধী ? তোতলা, রাত কানা, অন্ধ, বধির, বোবা, বুদ্ধি প্রতিবন্ধী, মানসিক রোগী, কুষ্ঠ রোগী, পঙ্গু না কি বার্ধক্য জনিত অথর্ব? উত্তরদাতা যেটা বলেন তার নীচে সংশ্লিষ্ট কোড নম্বরে X চিহ্ন দিন। উত্তর তোতলা হলে ১ , রাতকানা হলে ২ , অন্ধ হলে ৩ , বধির/বোবা হলে ৪ , বুদ্ধি প্রতিবন্ধী হলে ৫ , মানষিক প্রতিবন্ধী হলে ৬ , কুষ্ঠ রোগী হলে ৭ , পঙ্গু হলে ৮ এবং অথর্ব/বার্ধক্য হলে ৯ ঘরে X চিহ্ন দিন।

**প্রশ্ন-২২। অন্ধ হলে ঃ** প্রতিবন্ধী যতি অন্ধ বা কানা হয় তবে তার জন্য উত্তরদাতাকে জিজ্ঞেস করুন এক চোখ কানা, না কি দুই চোখ কানা, না কি চোখে ছানি পড়ে অন্ধ হয়ে গেছে? উত্তর এক চোখ কানা হলে ১ , দুই চোখ কানা হলে ২ অথবা চোখে ছানি পড়ে অন্ধ হয়ে গেলে ৩ ঘরে X চিহ্ন দিন।

**প্রশ্ন-২৩। বধির হলে ঃ** এখানে প্রতিবন্ধী বধির হলে বধিরের মাত্রা সম্পর্কিত তথ্য সংগ্রহ করতে হবে। উত্তরদাতাকে জিজ্ঞেস করুন ......(নাম ধরে) কি ধরনের বধির? মৃদূ, মধ্যম, গুরুতর নাকি চরম? যদি মৃদূ হয় তবে ১ , মধ্যম হলে ২ , গুরুতর হলে ৩ অথবা চরম হলে ৪ ঘরে X চিহ্ন দিন।

**প্রশ্ন-২৪। বোবা হলে ঃ** এখানে প্রতিবন্ধী বোবা হলে তার তথ্য সংগ্রহ করতে হবে। উত্তরদাতাকে নাম ধরে জিজ্ঞেস করুন ---------- বোবা কি মৃদু, মধ্যম, গুরুতর, নাকি চরম? যদি মৃদু হয় তবে [ ১ ], মধ্যম হলে [ ২ ], গুরুতর হলে [ ৩ ] ,অথবা চরম হলে [ ৪ ] ঘরে X চিহ্ন দিন।

**প্রশ্ন-২৫। পঙ্গু হলে ঃ** এখানে প্রতিবন্ধী পঙ্গু হলে তার তথ্য সংগ্রহ করতে হবে। যদি পঙ্গু ব্যক্তির হাত না থাকে তাহলে [ ১ ], পা না থাকলে [ ২ ], হাত ও পা না থাকলে [ ৩ ], হাত ও পা অবশ হলে [ ৪ ], অথবা অন্য কোন ভাবে পঙ্গু হয়ে থাকলে তা সুনির্দিষ্ট করে লিখুন এবং অন্যান্য গণ্য করে [ ৫ ], ঘরে X চিহ্ন দিন।

**প্রশ্ন-২৬। প্রতিবন্ধীত্বের কারণ ঃ** এখানে প্রতিবন্ধীত্বের কারণ সম্পর্কিত তথ্য সংগ্রহ করতে হবে। প্রতিবন্ধীত্বের কারণ যদি জন্মগত হয় তবে [ ১ ], দূর্ঘটনাজনিত হয় তবে [ ২ ], ভুল চিকিৎসা জনিত হয় তবে [ ৩ ], রোগ ব্যধির কারণ হলে [ ৪ ], বার্ধ্যক্য জনিত হলে [ ৫ ] অথবা অন্য কোন কারণ হলে তা নির্দিষ্ট করে লিখুন এবং অন্যান্য গণ্য করে [ ৬ ] ঘরে X চিহ্ন দিন।

**প্রশ্ন-২৭। চিকিৎসার ধরণ ঃ** এখানে প্রতিবন্ধীর চিকিৎসা সংক্রান্ত তথ্য সংগ্রহ করতে হবে। প্রতিবন্ধীর যদি কোন চিকিৎসা করা না হয়ে থাকে তাহলে [ ১ ], এলোপ্যাথি চিকিৎসা করা হয়ে থাকলে [ ২ ], হোমিওপ্যাথি হলে [ ৩ ] কবিরাজী/ইউনানী হলে [ ৪ ], অথবা অন্য কোন চিকিৎসা হয়ে থাকলে তা সুনির্দিষ্ট করে লিখুন এবং অন্যান্য গণ্য করে [ ৫ ] ঘরে X চিহ্ন দিন।

**চতুর্থ অংশের প্রশিক্ষন এখানে শেষ হল। এই অংশে কারো কোন প্রশ্ন থাকলে জিজ্ঞেস করতে পারেন। প্রশ্ন করা শেষ হলে কাউকে উদ্দেশ্য করে জিজ্ঞেস করুন ঃ**

(১) প্রতিবন্ধী বলতে কি বুঝায়?

(২) এই অংশে কোন কোন প্রশ্নের একাধিক উত্তর হতে পারে?

# পঞ্চম অংশ ঃ ব্যক্তি সংক্রান্ত

এ অংশে খানার সকল সদস্যদের নাম লিপিবদ্ধ করে তাদের তথ্য সংগ্রহ করতে হবে।

**প্রশ্ন- লাইন নং ঃ** এখানে কোন কিছু লিখার দরকার নাই লাইন নং ছাপানোই আছে।

**প্রশ্ন-২৮। খানার সদস্যদের নাম ঃ** এখানে খানার সকল সদস্যদের যারা শুমারী রাত্রে এ খানায় রাত্রি যাপন করেছেন তাদের নাম লিখুন । নাম লেখার জন্য প্রথম লাইনে খানা প্রধান, পরের লাইনে খানা প্রধানের স্ত্রী/স্বামী এর পর খানা প্রধানের সব চাইতে ছোট সন্তান থেকে ক্রমান্বয়ে বড় সন্তান, তারপর আত্নীয় ও অনাত্নীয় এভাবে লিখুন। লিখা শেষ হলে জিজ্ঞেস করুন কেও বাকি আছে কি? না থাকলে পরবর্তী প্রশ্নে এই সদস্যদের বয়স সংক্রান্ত তথ্য লিখুন।

**প্রশ্ন-২৯। বয়স ঃ** এখানে খানার প্রতিটি সদস্যের বয়স পূর্ণ বৎসরে দুই অংকে লিখুন। কোন শিশুর বয়স এক বৎসরের বেশী কিন্তু দুই বৎসরের কম হলে ০১, এক বছরের কম হলে ০০ লিখুন। যদি উত্তরদাতার সঠিক বয়স জানা না থাকে তাহলে পরিশিষ্ঠ 'ক' তে উল্লেখিত বিশেষ গুরুত্বপূর্ন ঘটনা মনে করিয়ে প্রশ্ন করুন ঘটনাটির কতদিন আগে বা পরে তিনি জন্মগ্রহন করেছেন? কেউ কেউ হয়তো জন্ম তারিখ বাংলা মাসে বলতে পারেন। বাংলা মাসকে ইংরেজী মাসে রুপান্তর এবং ইংরেজী মাসকে বাংলায় রুপান্তর করার জন্য পরিশিষ্ঠ 'খ' তে সংযোজিত দিনপঞ্জীটি ব্যবহার করুন। মনে রাখবেন কোন অবস্থাতেই বয়স অনুমান বা আন্দাজ করে লিখা চলবে না। তাই সঠিক বয়স জানতে পারছেন কিনা তা নীচের তথ্য থেকে যাচাই করুন।

(১) **মাতা ও সন্তানের বয়সের পার্থক্য ঃ** সাধারণত: ১৫ বছরের কম হবে না এবং পিতা ও সন্তানের বয়সের পার্থক্য ১৮ বছরের কম হবে না।

(২) একই মায়ের পর পর দু সন্তানের বয়সের (জমজ ছাড়া) পার্থক্য ১ বৎসরের কম হবে না। সার্টিফিকেট বা অন্য কোন ডকুমেন্ট হতে আসল বয়স ভিন্ন হলে আসল বয়সটিই লিখুন।

(৩) বয়স ১০০ বৎসর বা তার অধিক হলে ৩ অংকে আসল বয়সটিই লিখুন।

পরিশেষে খানার কোন সদস্যের সঠিক বয়স জানতে না পারলে বয়সের ক্রমানুসারে বয়সের পার্থক্য যোগ বিয়োগ করে অবশ্যই অন্যান্যদের বয়স যাচাই করে লিখুন। এভাবে প্রতিটি সদস্যের লাইন নম্বর, নাম এবং বয়স গোনা ও লেখা শেষ হলে অত:পর অন্যান্য তথ্য পর পর সংগ্রহ করুন।

**প্রশ্ন-৩০। খানা প্রধানের সাথে সম্পর্ক ঃ** খানা সদস্যদের তালিকায় প্রথম নামটিই খানা প্রধানের এবং তার জন্য [১] ঘরে X চিহ্ন দিন। খানার অন্যান্য সদস্যের জন্য উত্তরদাতাকে জিজ্ঞেস করুন .................... (নাম বলে) এর খানা প্রধানের সাথে সম্পর্ক কি? যদি স্ত্রী বা স্বামী হয় তাহলে [২] , সন্তান হলে [৩] , আত্নীয় হলে [৪] এবং অনাত্নীয় হলে [৫] ঘরে X চিহ্ন দিন।

**প্রশ্ন-৩১। আপন মায়ের লাইন নম্বর ঃ** কেবল মাত্র ৬ বছরের বা তার চেয়ে কম বয়স্ক শিশুদের আপন মায়ের লাইন নম্বর ২৮নং থেকে নিয়ে লিখুন। কোন শিশুর বয়স ৬ বৎসর বা তদুর্দ্ধ হলে তার বা তাদের আপন মায়ের লাইন নম্বর লিখার দরকার নাই। সৎ মাকে আপন মা হিসেবে গন্য করবেন না। আপন মা এ খানার সদস্য না হলে এবং ৬ বৎসরের বেশী বয়সের সদস্যের ক্ষেত্রে এ লাইন খালি থাকবে।

**প্রশ্ন-৩২। লিঙ্গ ঃ** ২৮নম্বরে খানা সদস্যদের নাম তালিকা থেকে পুরষ বা মহিলা বুঝা গেলে উত্তরদাতাকে বিব্রত না করে লিঙ্গ কোড পূরণ করে ফেলুন। নচেৎ জিজ্ঞেস করুন ............... (নাম বলে) কি পুরুষ না মহিলা? পুরুষ হলে [১], মহিলা হলে [২] এবং হিজরা হলে [৩] ঘরে X চিহ্ন দিন।

**প্রশ্ন-৩৩। সর্ব্বোচ্চ শ্রেণী পাস ঃ** এখানে খানার ৫বৎসর বা তদুর্দ্ধ বয়সের সকল সদস্যের জন্য নাম বলে জিজ্ঞেস করুন সর্ব্বোচ্চ কোন শ্রেণী পাশ করেছেন? সেই অনুযায়ী ঘরে X চিহ্ন দিন। লেখাপড়া আদৌ করে নাই বা কোন শ্রেণী পাশ করে নাই হলে (০), সর্ব্বোচ্চ শ্রেনী পাশের নাম ৩য় বা ৪র্থ বা ৫ম হলে [১] , ৬ষ্ঠ, ৭ম, ৮ম বা ৯ম হলে [২] , এস.এস.সি ও এইচএসসি বা এর সমমানের হলে [৩] , ব্যচেলর ডিগ্রী বা সমমানের হলে [৪] , মাষ্টার্স বা তদুর্দ্ধ বা সমমানের হলে [৫] ঘরে X চিহ্ন দিন।

**প্রশ্ন-৩৪। শিক্ষার ক্ষেত্র কি ? ঃ** এ প্রশ্নটি শুধুমাত্র এস.এস.সি বা তদুর্দ্ধ শ্রেণী পাশকৃতদের জন্য প্রযোজ্য। প্রাপ্ত ডিগ্রীর বিষয়ের বিবেচনায় পাশের ক্ষেত্রকে প্রধানত: ৮টি শ্রেণীতে বিভক্ত করা হয়েছে ঃ

**(১) বিজ্ঞান ঃ** উত্তরদাতাকে জিজ্ঞেস করুন এস.এস.সি. বা তদুর্দ্ধ ডিগ্রী কোন বিভাগ থেকে অর্জন করেছেন। বিজ্ঞান হলে [১] ঘরে X চিহ্ন দিন। এখানে অবশ্যই খেয়াল রাখতে হবে প্রাপ্ত সর্ব্বোচ্চ ডিগ্রীর বিভাগকেই বিবেচনা করতে হবে। বিজ্ঞান বিভাগে সাধারনত: আইএসসি, বিএসসি.,এমএসসি ইত্যাদি ডিগ্রীকে বুঝায়।

**(২) মানবিক ঃ** উত্তরদাতাকে জিজ্ঞেস করুন প্রাপ্ত সর্ব্বোচ্চ ডিগ্রী কোন বিভাগ হতে অর্জন করেছেন? মানবিক হলে [২] ঘরে X চিহ্ন দিন। এ বিভাগে সাধারত: আইএ, বিএ, এমএ ইত্যাদি ডিগ্রীকে বুঝায়। সামাজিক বিজ্ঞান বিভাগ প্রকৃত পক্ষে আসল বিজ্ঞান নয় । তাই সামাজিক বিজ্ঞানকে মানবিকের অর্ন্তভূক্ত করতে হবে ।

**(৩) বানিজ্য ঃ** উত্তরদাতাকে জিজ্ঞেস করে যদি জানা যায় প্রাপ্ত সর্ব্বোচ্চ ডিগ্রী বানিজ্য বিভাগে তাহলে [৩] ঘরে X চিহ্ন দিন। বানিজ্য বিভাগে সাধারনত: আইকম. বিকম, এমকম, বিবিএ, এমবিএ, সিএ ইত্যাদি ডিগ্রীকে বুঝায়।

**(৪) কৃষি ঃ** উত্তরদাতাকে জিজ্ঞেস করে যদি জানতে পারা যায় যে, প্রাপ্ত সর্ব্বোচ্চ ডিগ্রী কৃষি বিষয়ে তাহলে [৪] ঘরে X চিহ্ন দিন। কৃষি বিভাগে সাধারনত: কৃষি ডিপ্লোমা, বিএজি, এমএজি ইত্যাদি ডিগ্রীকে বুঝায়।

**(৫) চিকিৎসা ঃ** উত্তরদাতাকে জিজ্ঞেস করে যদি জানতে পারা যায় যে প্রাপ্ত সর্ব্বোচ্চ ডিগ্রী চিকিৎসা বিজ্ঞানে অর্জিত হয়েছে তাহলে [৫] ঘরে X চিহ্ন দিন। এই বিভাগে সাধারনত: প্যারামেডিকস, এমবিবিএস, এফসিপিএস, এফআরসিএস, ডিএইচএইচএস, বিএইচএমএস, ইউনানী ও আয়ূর্বেদীক চিকিৎসা বিজ্ঞানের ডিগ্রীকে বুঝায়।

**(৬) প্রকৌশল ঃ** উত্তরদাতাকে জিজ্ঞেস করে যদি জানা যায় যে প্রাপ্ত ডিগ্রী প্রকৌশল বিভাগে অর্জন করা হয়েছে তাহলে [৬] ঘরে X চিহ্ন দিন। এই বিভাগে সাধারণত: ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং, ডিগ্রী ইঞ্জিনিয়ারিং, কম্পিউটার ইঞ্জিনিয়ারিং, আর্কিটেকচার, প্লানিং ইত্যাদি ডিগ্রীকে বুঝায়।

**(৭) ভোকেশনাল ঃ** এসএসসি পাশের পর সাধারনত: কারিগরী বা বৃত্তিমূলক ভোকেশনাল ট্রেনিং অথবা এসএসসি (ভোকেশনাল) ডিগ্রী অর্জন করে থাকলে এক্ষেত্রে [৭] ঘরে X চিহ্ন দিন।

**(৮) ধর্মীয় ঃ** এক্ষেত্রে ধর্মীয় শাখায় সর্ব্বোচ্চ ডিগ্রী যেমন- আলেম, ফাজেল, কামেল, টাইটেল, দাওরা, ইফতা ইত্যাদি বুঝায়। অন্য ধর্মে পন্ডিত, পাদ্রী, আচার্য্য ইত্যাদি বুঝায়। এমন কোন সর্ব্বোচ্চ ডিগ্রী অর্জিত হলে [৮] ঘরে X চিহ্ন দিন।

**প্রশ্ন-৩৫। চিঠি লিখতে পারেন কি ? ঃ** এ প্রশ্নটিও ৫ বৎসর ও তদুর্দ্ধ বয়সের সদস্যদেরকে জিজ্ঞেস করতে হবে। উত্তরদাতাকে জিজ্ঞেস করুন .............................. (নাম ধরে) ব্যক্তি কি চিঠি লিখতে পারেন? উত্তর হ্যাঁ হলে [১] অথবা না হলে [২] ঘরে X চিহ্ন দিন।

**প্রশ্ন-৩৬। শিক্ষালয়ে যান কি ? ঃ** এ প্রশ্নটি ৫ থেকে ২৯ বৎসর বয়সের সদস্যদের জিজ্ঞেস করতে হবে। উত্তর দাতাকে জিজ্ঞেস করুন ............................ (নাম ধরে) ব্যক্তি কি শিক্ষা লাভের জন্য শিক্ষালয়ে যান? উত্তর হ্যাঁ হলে [১] অথবা না হলে [২] ঘরে X চিহ্ন দিন।

**প্রশ্ন-৩৭। এক বৎসরের মধ্যে লেখা পড়া বন্ধ করেছেন কি ?** ৩৬নং এর এ প্রশ্নটিও ৫ থেকে ২৯ বৎসর বয়সের সদস্যদের জিজ্ঞেস করতে হবে। উত্তরদাতাকে জিজ্ঞেস করুন .......................... (নাম ধরে) কি বিগত এক বছরের মধ্যে লেখাপড়া ছেড়েছেন ? উত্তর 'হ্যাঁ' হলে [১] আর না হলে [২] ঘরে X চিহ্ন দিন।

**প্রশ্ন-৩৮। উত্তর হ্যাঁ হলে তার কারণ ?** ৩৭নং প্রশ্নের জবাবে উত্তরদাতা হ্যাঁ বললে পুনরায় জিজ্ঞেস করুন গত একবছরের মধ্যে লেখা পড়া ছাড়ার কাণ কি? উত্তর যদি আর্থিক কারণে হয় তাহলে [১] , অথবা বিবাহ জনিত কারণে হলে [২] , অথবা অন্য যে কোন কারণে হলে [৩] ঘরে X চিহ্ন দিন।

**প্রশ্ন-৩৯।** এর বাবা কি জীবিত ? উত্তরদাতাকে ---------- (নাম ধরে ) জিজ্ঞেস করুন এর বাবা কি জীবিত আছেন? যদি জীবিত থাকেন তাহলে হ্যাঁ এর জন্য [১] ঘরে , জীবিত না থাকলে না এর জন্য [ ] ঘরে, আর উত্তর যদি জানা নাই হয় তাহলে [৩] ঘরে X চিহ্ন দিন।

**প্রশ্ন-৪০।** এর মা কি জীবিত ? উত্তর দাতাকে --------- (নাম ধরে ) জিজ্ঞেস করুন এর মা কি জীবিত ? উত্তর হ্যাঁ হলে [১] ,না হলে [২] , আর জানা নাই হলে [৩] ঘরে X চিহ্ন দিন।

**প্রশ্ন-৪১। বাংলাদেশের কোন জেলায় জন্ম গ্রহণ করেছেন ?** উত্তরদাতাকে জিজ্ঞেস করুন ------( নাম ধরে) কোন জেলায় জন্ম গ্রহণ করেছেন ? উত্তর জেনে খালি জায়গায় স্পষ্ট করে জেলার নাম লিখুন । কোড দেয়ার দরকার নাই । এটা অফিসে পুরণ করা হবে । এখানে জেলা বলতে বর্তমান ৬৪টি জেলা বুঝাবে ।

**প্রশ্ন-৪২। আপনার জন্মকালে পারিবারিক স্থায়ী নিবাস গ্রাম না শহরে ?** এখানে প্রতিটি সদস্যকে জিজ্ঞেস করুন .................................. (নাম ধরে) এর জন্মকালে তাঁদের পারিবারিক স্থায়ী নিবাস কি গ্রামে না শহরে ছিল। উত্তর গ্রাম হলে [১] আর শহর হলে [২] ঘরে X চিহ্ন দিন।

**লাইন নম্বর ঃ** লাইন নং ছাপানো আছে ।

**প্রশ্ন-৪৩। এক বৎসরের মধ্যে এ এলাকায় এসেছেন কি ?** উত্তরদাতাকে জিজ্ঞেস করুন গত এক বৎসরের মধ্যে কি .................................................. (নাম ধরে) এ এলাকায় এসেছেন ? যদি হ্যাঁ হয় তবে [১] আর 'না' হলে [২] ঘরে X চিহ্ন দিন।

**প্রশ্ন-৪৪। উত্তর হ্যাঁ হলে আগমনের কারণ কি ছিল ?** পূর্বের প্রশ্নের উত্তর অর্থ্যাৎ ৪৩ নম্বর প্রশ্নের উত্তর হ্যাঁ হলে আগমনের কারণ জিজ্ঞেস করুন। কারণ যদি বিবাহজনিত হয় তাহলে [১] , পড়াশুনার করার জন্য হলে [২] , চাকুরী করার জন্য বা কাজ করার জন্য হলে [৩] , ব্যবসা করার জন্য হলে [৪] অথবা অন্য যে কোন কারণে হলে তা নিদৃষ্ট করে লিখুন এবং অন্যান্য হিসেবে গণ্য করে [৫] ঘরে X চিহ্ন দিন।

**প্রশ্ন-৪৫। বৈবাহিক অবস্থা ঃ** এ প্রশ্নটি ১০ বৎসর ও তদুর্দ্ধ বয়সের সদস্যগণকে জিজ্ঞাসা করতে হবে। উত্তরদাতাকে জিজ্ঞেস করুন ......................... (নাম ধরে) ব্যক্তি কি অবিবাহিত? বিবাহিত ? না বিপত্নীক ? সঠিক উত্তর জেনে নির্দ্ধারিত ঘর পূরণ করুন। অবিবাহিত হলে [১] , বিবাহিত হলে [২] , বিধবা/বিপত্নীক হলে [৩] , তালাকপ্রাপ্ত হলে [৪] অথবা বিচ্ছিন্ন হলে [৫] ঘরে X চিহ্ন দিন।

**প্রশ্ন-৪৬। একাধিক বিবাহ হয়েছিল কি ?** ৪৫নং প্রশ্নের উত্তরে যাদেরকে [২] , [৩] , [৪] অর্থবা [৫] ঘরে X চিহ্ন দিয়েছেন তাদেরকে জিজ্ঞেস করুন ......................... (নাম ধরে) এর কি একাধিক বিবাহ হয়েছিল ? উত্তর হ্যাঁ হলে [১] আর না হলে [২] ঘরে X চিহ্ন দিন।

**প্রশ্ন-৪৭। উত্তর হ্যাঁ হলে প্রথম স্বামী/স্ত্রী কি ?** পূর্বের প্রশ্ন হ্যাঁ হলে অর্থ্যাৎ উত্তরদাতাকে জিজ্ঞেস করুন ............... (নাম ধরে) এর প্রথম স্বামী/স্ত্রী কি জীবিত? মৃত্যু বরণ করেছে ? নাকি জানা নাই ? উত্তর জীবিত হলে [১] , মৃত্যুবরণ করেছে হলে [২] অথবা জানা নাই হলে [৩] ঘরে X চিহ্ন দিন।

**প্রশ্ন-৪৮। প্রশ্ন নং ৪৫ এর উত্তর না হলে ঃ** এখানে ৪৬ নং প্রশ্নের উত্তর না হলে কেবলমাত্র বিচ্ছিন্ন ও তালাকপ্রাপ্তদের নাম ধরে জিজ্ঞেস করুন ---- (নাম ধরে ) এর কি স্ত্রী/স্বামী এখনও জীবিত/মৃত/জানা নাই । উত্তর জীবিত হলে [১] মৃত হলে [২] অথবা জানা নাই হলে [৩] ঘরে X চিহ্ন দিন।

**প্রশ্ন- ৪৯ । প্রথম বিবাহের সময় বয়স কত ছিল?** ৪৫ নং প্রশ্নের উত্তরে যাদেরকে ২ থেকে ৫ ঘরে চিহ্ন দেয়া হয়েছে তাদেরকে জিজ্ঞেস করুন (নাম ধরে) --------- প্রথম বিবাহের সময় বয়স কত ছিল? সঠিকভাবে জেনে বয়স পূর্ণ বৎসরে ২ অংকে লিখুন ।

**প্রশ্ন-৫০। প্রধান পেশা ঃ** এখানে উত্তরদাতাকে জিজ্ঞেস করুন ---------(নাম ধরে) গত ১ মাসের অধিকাংশ সময় কি কাজে নিয়োজিত ছিলেন ? পেশার নাম, পদবীসহ সুস্পষ্টভাবে বিবরণের নিচে খালি জায়গায় লিখুন। যেমন ঃ মালিক কৃষক, বর্গা কৃষক, কৃষি মজুর, বিক্রয় সহকারী, পরিসংখ্যান সহকারী, মূদ্রাক্ষরিক, উপজেলা প্রকৌশলী, স্বাস্থ্য পরিদর্শক উপপরিচালক, ব্যাংক ম্যানেজার, যুগ্ম-সচিব ইত্যাদি । কোডের জায়গায় কোন কিছু লেখার দরকার নাই খালি রাখুন। এটি অফিসে পূরণ করা হবে।

**প্রশ্ন-৫১। গৃহকর্ম হলে গত সপ্তাহে দৈনিক গড়ে কত ঘন্টা কাজ করেছেন ?** ৫০নং প্রশ্নের উত্তর গৃহকর্ম হলে উত্তরদাতাকে জিজ্ঞেস করুন .............................. (নাম ধরে) গত সপ্তাহে দৈনিক গড়ে কত ঘন্টা গৃহকর্মের কাজে নিয়োজিত ছিলেন ? উত্তর ২ অংকে লিখুন ।

**প্রশ্ন-৫২। অতিরিক্ত পেশা ঃ** কারো কারো একাধিক কাজও থাকতে পারে। এক্ষেত্রে উত্তরদাতাকে জিজ্ঞেস করুন .............. (নাম ধরে) কি ৫০নং প্রশ্নে উল্লেখিত প্রধান পেশা ছাড়াও গত ১ মাসে অন্যকোন কাজ করেছেন ? যদি করে থাকেন তাহলে সুস্পষ্ট করে বিবরণের নিচে খালি জায়গায় অতিরিক্ত পেশার নাম লিখুন। কোড এর ঘর পূরণ করবেন না। এটা অফিসে পূরণ করা হবে।

**প্রশ্ন-৫৩। প্রধান কাজের ক্ষেত্র ঃ** কারো কারো একাধিক কাজও থাকতে পারে। এক্ষেত্রে উত্তরদাতা যেটাকে প্রধান কাজ হিসেবে গণ্য করবে সেটাকেই গ্রহণ করুন। গত ১ মাসের অধিকাংশ সময় নিয়োজিত থাকার ভিত্তিতে এখানে তথ্য সংগ্রহ করতে হবে। উত্তর দাতাকে জিজ্ঞেস করুন .................... (নাম ধরে) গত ১ মাসের অধিকাংশ সময় প্রধানত: কোন ক্ষেত্রে কাজে নিয়োজিত ছিলেন ? যে ক্ষেত্রে প্রধানতঃ নিয়োজিত ছিলেন তা সঠিকভাবে জেনে বিবরণের নীচে খালি জায়গায় স্পষ্ট করে লিখুন । যেমন ঃ কৃষি কাজ, মৎস উৎপাদন/চাষ, খুচরা ব্যবসা, পাইকারী ব্যবসা, সরকারী চাকুরী, বেসরকারী চাকুরী, হোটেল/রেস্টুরেন্ট, যানবাহন, শিক্ষা, স্বাস্থ্য, ইত্যাদি । এখানে প্রধান কাজের ক্ষেত্রকে কয়েকটি ভাগে বিভক্ত করে বুঝানো হলো ঃ

(১) **কৃষি/বন/পশু পালন** - কৃষি কাজ, বন, হাঁস মুরগী পালন, মৌমাছি পালন, রেশম গুটি পোকা, নার্সারী ইত্যাদি কাজে জড়িত।

(২) **জেলে/মৎস্য চাষ ঃ** মৎস্য চাষ, পোনা উৎপাদন, হ্যাচারী, মাছ বিক্রি করা ইত্যাদি কাজে জড়িত।

(৩) **খনিজ ঃ** খনিজ কাজে নিয়োজিত।

(৪) **ম্যানুফ্যাকচারিং ঃ** উৎপাদন শিল্পে কাজে নিয়োজিত।

(৫) **বিদ্যুৎ, গ্যাস ও পানি ঃ** বিদ্যুৎ, গ্যাস অথবা পানি সরবরাহ কাজে নিয়োজিত।

(৬) **নির্মান ঃ** রাস্তা-ঘাট, বাড়ী-ঘর, পুল-কালভার্ট, কল-কারখানা ইত্যাদি নির্মান কাজের ঠিকাদারীতে নিয়োজিত।

(৭) **খুচরা/পাইকারী ঃ** খুচরা বা পাইকারী পণ্য/দ্রব্য সামগ্রী বিক্রয় কাজে নিয়োজিত।

(৮) **হোটেল/রেস্টুরেন্ট ঃ** হোটেল বা রেস্টুরেন্টের কাজে নিয়োজিত।

(৯) **যানবাহন, গুদাম ও যোগাযোগ ঃ** যান্ত্রিক ও অযান্ত্রিক যানবাহন, গুদাম ও আরৎ অথবা যোগাযোগ ও পরিবহন যেমন ঃ বাস, ট্রাক, লঞ্চ, নৌকা, রিক্সা, বিমান ইত্যাদি কাজে নিয়োজিত।

(১০) **ব্যাংক / ইনসিওরেন্স / অর্থ লগ্নি ঃ** ব্যাংক, বীমা অথবা যে কোন অর্থ লগ্নিকারী প্রতিষ্ঠানে কাজে নিয়োজিত।

(১১) **আবাসন, ভাড়া ও অন্যান্য ঃ** আবাসন, বাড়ী ভাড়া ও এ জাতীয় অন্যান্য কাজে নিয়োজিত।

(১২) **জনপ্রশাসন ও প্রতিরক্ষা ঃ** জনপ্রশাসন যেমন ঃ সচিব, অতিরিক্ত সচিব, যুগ্ম-সচিব, উপ-সচিব, সহকারী সচিব, জেলা প্রশাসক, ম্যাজিষ্ট্রেট, টিএনও, সহকারী কমিশনার ইত্যাদী পদের কর্মকর্তা ও তাদের সহকারীবৃন্দসহ প্রতিরক্ষা কাজে নিয়োজিত সেনাবাহিনী, বিমান বাহিনী ও নৌবাহিনীর সদস্যবৃন্দ।

(১৩) **শিক্ষা ঃ** শিক্ষকতা অথবা শিক্ষা বিভাগে কাজে নিয়োজিত।

(১৪) **স্বাস্থ্য ও সমাজ কল্যান ঃ** স্বাস্থ্য সেবা দান, চিকিৎসা যথা- ডাক্তার, নার্স ইত্যাদি এবং সমাজকল্যান বিষয়ক কাজে নিয়োজিত।

(১৫) **কমিউনিটি, সামাজিক ও ব্যক্তি সেবা ঃ** লন্ড্রি, সেলুন, কমিউনিটি সেন্টার, সিনেমা হল, উকিল, প্রাইভেট টিউটর, ইত্যাদি কাজে নিয়োজিত।

**প্রশ্ন-৫৪। কাজের মর্যাদা ঃ** এখানে পূর্বের প্রশ্ন নং ৪৮ এর ক্ষেত্রে উত্তরদাতাকে জিজ্ঞেস করুন ...................... (নাম ধরে) কি নিয়োগকর্তা, বেতনভোগী, স্বনিয়োজিত, পারিবারিক সাহায্যকারী নাকি দিনমজুর ? উত্তর যদি নিয়োগকর্তা হয় তাহলে [১], বেতনভোগী হলে [২], স্বনিয়োজিত হলে [৩], পারিবারিক সাহায্যকারী হলে [৪], অথবা দিনমজুর হলে [৫] ঘরে X চিহ্ন দিন।

**এখানে এ অধ্যায়ের উপর প্রশিক্ষন শেষ হলো। এখন কারো কোনো প্রশ্ন থাকলে জিজ্ঞেস করতে পারেন। (প্রশ্নোত্তোরের পর) এখন আমি এ অধ্যায়ের উপর কয়েকটি প্রশ্ন জিজ্ঞেস করব।**

(ক) সন্তানের বয়স ৪০ বৎসর হলে মায়ের বয়স ৫০ বৎসর হতে পারে কি ?

(খ) কারো বয়স আগামীকাল ২৮-বৎসর পূর্ণ হবে আজকে তার বয়স এর ঘরে কত লিখবেন ?

(গ) কোন ছাত্র অনার্স ফাইনাল পরীক্ষা দিবে, তার বেলায় সর্ব্বোচ্চ শ্রেণী পাশ কি হবে?

(ঘ) পরিবারের কোন সন্তান বিদেশে থাকেন, তাকে কোথায় গণনা করবেন?

## ষষ্ঠ অংশ ঃ মৃত্যু সংক্রান্ত

এ অধ্যায়ে খানার কোন সদস্য গত ১ বৎসরের মধ্যে মৃত্যু বরণ করে থাকলে তার তথ্য সংগ্রহ করতে হবে। এ অধ্যায়ে মোট ৭টি প্রশ্ন রয়েছে। গণনা মূহুর্তের পূর্ব হতে শুরু করে আগের ১ বৎসর বা ১২ মাস পর্যন্ত মৃত্যুর তথ্য এ অংশে সংগ্রহ করতে হবে। উত্তরদাতাকে জিজ্ঞেস করুন বিগত ১ বৎসরে এই খানায় কেউ মুত্যু বরণ করেছেন কি? **উত্তর যদি না হয় অর্থ্যাৎ বিগত ১ বৎসরের মধ্যে এই খানার কোন সদস্যের মৃত্যু না হয়ে থাকে তবে [না] ঘরে X চিহ্ন দিন এবং ৫৫ হতে ৬১ নং পর্যন্ত কোন প্রশ্ন পূরণ না করে সরাসরি ৭ম অংশে চলে যান।** আর উত্তর যদি হ্যাঁ হয় তবে উপরের [হ্যাঁ] ঘরে X চিহ্ন দিন এবং ৫৫ হতে ৬১ নং পর্যন্ত প্রশ্ন জিজ্ঞেস করে পূরণ করুন।

**ক্রমিক নং ঃ** এখানে কোন কিছু লেখার দরকার নাই। ক্রমিক নম্বর ছাপানোই আছে।

**প্রশ্ন-৫৫। মৃত ব্যক্তির নাম ঃ** এ খানার সদস্য যিনি বা যারা মৃত্যু বরন করেছেন তার বা তাদের (মৃত ব্যক্তির) নাম এখানে লিখুন। মনে রাখবেন যে সকল মৃত্যু গণনা মূহুর্তের আগে ঘটেছে সেগুলির তথ্য এখানে লিপিবদ্ধ করতে হবে। পরেরগুলো নয়।

**প্রশ্ন-৫৬। লিঙ্গ ঃ** মৃত ব্যক্তি নাম থেকে বুঝা গেলে তার লিঙ্গ কোড পূরণ করুন। নচেৎ উত্তরদাতাকে জিজ্ঞেস করুন মৃত ব্যক্তি পূরুষ না মহিলা। উত্তর যদি পুরুষ হয় তবে [১] আর মহিলা হলে [২] ঘরে X চিহ্ন দিন।

**প্রশ্ন-৫৭। মৃত্যুকালে বয়স ঃ** উত্তরদাতাকে জিজ্ঞেস করুন ..................... (নাম ধরে) এর মৃত্যুকালে বয়স কত ছিল? বয়স এক বছরের উর্দ্ধে হলে পূর্ন বৎসরে এবং এক বছরের কম হলে ০০ বৎসর লিখুন। সঠিক বয়স বের করতে প্রয়োজনবোধে ঘটনা দিনপঞ্জি ব্যবহার করুন।

**প্রশ্ন-৫৮। মৃত্যুর তারিখ ঃ** উত্তরদাতাকে জিজ্ঞেস করুন ............................ (নাম ধরে) কোন তারিখে মৃত্যু বরণ করেছেন? উত্তর ইংরেজী বৎসর ও মাস খালি বাক্সে লিখুন। বাংলা সন ও মাস পরিশিষ্ট ছক ব্যবহার করে ইংরেজী বৎসর ও মাস বের করে লিখুন।

**প্রশ্ন-৫৯। মৃত্যুর পূর্বে পেশা ঃ** মৃত্যু কালে বয়স ১০ বৎসর বা তদুর্দ্ধে হলে জিজ্ঞাসা করুন ............... (নাম ধরে) মৃত্যুর পূর্বে প্রধানত: কি কাজে নিয়োজিত ছিলেন ? পেশার নাম ও পদবীসহ পেশার নিচে খালি জায়গায় লিখুন। কোডের জন্য নির্দ্ধারিত ঘর পূরণ করার দরকার নেই। এটা অফিসে পূরণ করা হবে।

**প্রশ্ন-৬০। মৃত্যুর কারণ ঃ** উত্তরদাতাকে জিজ্ঞেস করুন ................................ (নাম ধরে) এর মৃত্যুর কারণ কি ছিল? মৃত্যুর কারণ সঠিকভাবে জেনে খালি জায়গায় লিখুন। এ প্রশ্নটি পূরণ করার সময় পরিশিষ্ট 'গ' তে সংযোজিত মৃত্যুর কারণ তালিকা ব্যবহার করুন।

**প্রশ্ন-৬১। চিকিৎসার ধরণ ঃ** উত্তরদাতাকে জিজ্ঞেস করুন ................................ (নাম ধরে) এর মৃত্যুর পূর্বে কি ধরনের চিকিৎসা করা হয়েছিল? যদি কোন চিকিৎসা করা না হয়ে থাকে তাহলে [১], এ্যালোপ্যাথ সরকারী হলে [২], এলোপ্যাথ বেসরকারী হলে [৩], হোমিওপ্যাথ হলে [৪], কবিরাজী/ইউনানী হলে [৫] অথবা অন্য যে কোন প্রকার চিকিৎসা করা হলে অন্যান্য গণ্য করে [৬] ঘরে X চিহ্ন দিন।

# সপ্তম অংশ ঃ জন্ম সংক্রান্ত

এই অংশ শুধুমাত্র খানার ১০ বৎসর বা তদুর্দ্ধ বর্তমানে বিবাহিতা, তালাকপ্রাপ্তা, বিধবা অথবা বিচ্ছিন্ন মহিলাদের জন্য পূরণ করতে হবে। এই অংশে মোট ১৩টি প্রশ্ন রয়েছে।

**লাইন নম্বর ঃ** এখানে কার্ড ৫ হতে সংশ্লিষ্ট মহিলার লাইন নম্বরটি লিখুন।

**প্রশ্ন-৬২। মহিলাদের নাম ঃ** কার্ড ৫ হতে সংশ্লিষ্ট মহিলার নাম একই ভাবে লিখুন।

**প্রশ্ন-৬৩। প্রথম বিবাহের সময় বয়স কত ছিল ?** উত্তরদাতাকে জিজ্ঞেস করুন .................................. (নাম ধরে) এর প্রথম বিবাহের সময় বয়স কত ছিল? সঠিক উত্তর জেনে নিয়ে পূর্ণ বৎসরে ২ অংকে বয়স লিখুন।

**প্রশ্ন-৬৪। বিবাহিত জীবনের মোট সময় কত ?** উত্তরদাতাকে জিজ্ঞেস করুন .................................. (নাম ধরে) এর বিবাহিত জীবনের মোট সময় কত বছর হয়েছে ? এখানে মনে রাখতে হবে যে কারো একাধিক বার বিবাহ হয়ে থাকলে সকল বিবাহিত জীবনের মোট সময়কে যোগ করে পূর্ণ বৎসরে (দুই অংকে) লিখুন। ধরা যাক কোন মহিলার ৩ বার বিবাহ হয়েছে। তিনি প্রথম স্বামীর সাথে ৫বৎসর ২মাস, ২য় স্বামীর সাথে ১ বৎসর ৭ মাস, ৩য় স্বামীর সাথে ৩ বৎসর ১ মাস ঘর সংসার করে থাকলে তার মোট বিবাহিত জীবন হবে ৯ বৎসর ১০ মাস অর্থ্যাৎ পূর্ণ বৎসরে হবে ০৯ বৎসর ।

**প্রশ্ন-৬৫। জীবিত জন্মগ্রহণকারী সন্তানের সংখ্যা কত ? ঃ** উত্তরদাতাকে জিজ্ঞেস করুন .................................. (মহিলার নাম ধরে) এর মোট কতজন সন্তান জীবিত জন্মগ্রহন করেছে ? সঠিক উত্তর জেনে ছেলের সংখ্যা ছেলের নিচে এবং মেয়ের সংখ্যা মেয়ের নিচে লিখুন। মনে রাখতে হবে মৃত প্রসবের হিসাব এখানে আসবে না ।

**প্রশ্ন-৬৬। বর্তমানে বেঁচে আছে কতজন ?** উত্তরদাতাকে জিজ্ঞেস করুন .................................. (মহিলার নাম ধরে) এর জীবিত জন্মগ্রহনকারী সন্তানদের মধ্যে বর্তমানে কত জন বেঁচে আছে? সঠিক উত্তর জেনে ছেলের নিচে ছেলের সংখ্যা এবং মেয়ের নিচে মেয়ের সংখ্যা লিখুন।

**প্রশ্ন-৬৭। প্রথম সন্তান জন্মের সময় বয়স কত ছিল ?** উত্তরদাতাকে জিজ্ঞেস করুন .................................. (মহিলার নাম ধরে) এর প্রথম সন্তান জন্মের সময় তাঁর বয়স কত ছিল ? সঠিক ভাবে জেনে নিয়ে পূর্ণ বৎসরে ২ অংকে লিখুন। ৬৮ হতে ৭৪ নং পর্যন্ত প্রশ্ন শুধুমাত্র বর্তমানে বিবাহিত ১৫ থেকে ৪৯ বৎসর পর্যন্ত মহিলাদের ক্ষেত্রে তাদের সর্বশেষ জীবিত জন্মগ্রহনকারী সন্তানের তথ্য সংগ্রহ করতে হবে।

**প্রশ্ন-৬৮। জন্ম তারিখ কত ছিল ?** উত্তরদাতাকে জিজ্ঞেস করুন .................... (মহিলার নাম ধরে) এর সর্বশেষ জীবিত জন্মগ্রহনকারী সন্তান এর জন্মতারিখ কবে ছিল? সঠিক উত্তর জেনে নিয়ে বৎসর এর নিচে বৎসর ও মাসের নিচে মাস ২ অংকে লিখুন । জানুয়ারী- ০১, ফেব্রুয়ারী-০২ এ ভাবে মাস এবং বৎসরের শেষের দুই অংক যেমন ১৯৯৫ হলে ৯৫' লিখতে হবে ।

**প্রশ্ন-৬৯। সন্তান ছেলে না মেয়ে ?** উত্তরদাতাকে জিজ্ঞেস করুন ................................ (মহিলার নাম ধরে) এর সর্বশেষ জীবিত জন্মগ্রহনকারী সন্তান ছেলে না মেয়ে ? ছেলে হলে [১] অথবা মেয়ে হলে [২] ঘরে X চিহ্ন দিন।

**প্রশ্ন-৭০। সন্তান কি জীবিত ?** উত্তরদাতাকে জিজ্ঞেস করুন ................................ (মহিলার নাম ধরে) এর সর্বশেষ জীবিত জন্মগ্রহনকারী সন্তান কি জীবিত আছে? উত্তর 'হ্যাঁ' হলে [১] অথবা 'না' হলে [২] ঘরে X চিহ্ন দিন।

**প্রশ্ন-৭১। এ সন্তানকে বুকের দুধ খাইয়েছেন কি ?** উত্তরদাতাকে জিজ্ঞেস করুন ................................ (মহিলার নাম ধরে) এর সর্বশেষ জীবিত জন্মগ্রহনকারী সন্তানকে কি বুকের দুধ খাইয়েছেন ? উত্তর 'হ্যাঁ' হলে [১] অথবা 'না' হলে [২] ঘরে X চিহ্ন দিন।

**প্রশ্ন-৭২। সন্তানকে কি কোন প্রতিষেধক দিয়েছেন ?** উত্তরদাতাকে জিজ্ঞেস করুন ................................ (মহিলার নাম ধরে) এর সর্বশেষ জীবিত জন্মগ্রহনকারী সন্তানকে কি কোন প্রতিষেধক দিয়েছেন? সঠিক উত্তর জেনে নিয়ে 'হ্যাঁ' হলে [১] অথবা 'না' হলে [২] ঘরে X চিহ্ন দিন।

**প্রশ্ন-৭৩। উত্তর হ্যাঁ হলে কোন প্রকার প্রতিষেধক দিয়েছেন ?** ৭২ নং প্রশ্ন হ্যাঁ হলে উত্তরদাতাকে জিজ্ঞেস করুন কোন প্রকার প্রতিষেধক দিয়েছেন। যদি বিসিজি হয় তাহলে [১] , ডিপিটি হলে [২] , পোলিও হলে [৩], হাম হলে [৪] , ঘরে X চিহ্ন দিন। মনে রাখবেন এখানে একাধিক উত্তর হতে পারে।

**প্রশ্ন-৭৪। প্রতিষেধক ডিপিটি হলে ডোজের সংখ্যা কত ?** ৭৩ নম্বর প্রশ্নের উত্তরে যদি [২] ঘরে X চিহ্ন থাকে তাহলে উত্তরদাতাকে জিজ্ঞেস করুন কত ডোজ ইনজেকশন দিয়েছেন? এক ডোজ হলে [১] দুই ডোজ হলে [২] অথবা তিন ডোজ হলে [৩] ঘরে X চিহ্ন দিন।

এখানেই আমাদের এ অধ্যায়ের প্রশিক্ষন সমাপ্ত । যদি কারো কোন কিছু জানার থাকে স্বচ্ছন্দে জিজ্ঞেস করতে পারেন।

**কাউকে উদ্দেশ্য করে জিজ্ঞেস করুন ঃ**

(ক) কোন সন্তান জন্মগ্রহন করার ১ ঘন্টা পর মারা গেলে এই অংশে তার তথ্য আসবে কি?

(খ) কোন মহিলার জীবিত জন্মগ্রহনকারী তিন মেয়ের মধ্যে এক মেয়ে মারা গেলে ৬৫ ও ৬৬ নম্বর প্রশ্ন কিভাবে পূরণ করবেন?

পরিশেষে এই অংশের প্রতিটি প্রশ্ন আর একবার সংক্ষেপে বর্ণনা করুন ।